গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
মুক্তাগাছা, ময়মনসিংহ।

স্মারক নং- ১৩.০১.৬১৬৫.০০৮.৫৭.০২৫.২৪- ৩০৩ তারিখঃ ২৬/০৬/২০২৫ ইং

## খাদ্যবান্ধব কর্মসূচীর ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা মুক্তাগাছা উপজেলার ০৩ নং তারাটি ইউনিয়নের স্থায়ী বাসিন্দাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচির হতদরিদ্রদের মাঝে সরকার নির্ধারিত মূল্যে কার্ডের মাধ্যমে ভোক্তাদের খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য তারাটি ইউনিয়নে পিড়াকান্দা বাজার বিক্রয় কেন্দ্রে নিম্নবর্ণিত শর্ত স্বাপক্ষে ০১ (এক) জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে।

| ক্রঃনং | ইউনিয়নের নাম | শূন্য পদের ডিলার সংখ্যা | বিক্রয়কেন্দ্র |
|---|---|---|---|
| ১ | তারাটি | ০১ জন | পিড়াকান্দা বাজার (তারাটি) |

আগ্রহী ব্যক্তিগণকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মুক্তাগাছা, ও সদস্য সচিব উপজেলা খাদ্যবান্ধব কমিটি বরাবরে ১০/০৭/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে নির্ধারিত ফর্মে আবেদন সদ্য তোলা পাসপোর্ট আকারের (০৪ কপি রঙ্গিন ছবি সম্বলিতসহ আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

আবেদনের শেষ তারিখঃ ১০/০৭/২০২৫ ইং

### আবেদনের শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে অবশ্যই মুক্তাগাছা উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক ব্যবসায়ীক ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
০২। বর্ণিত হাট-বাজারে আবেদনকারীর নিজ মালিকানাধীন/ভাড়ায় ১৫.০০০মেঃটন খাদ্যশস্য ধারণ সম্পন্ন দোকান থাকতে হবে এবং মেঝে পাকা থাকতে হবে।
০৩। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং খামের উপরে যে বিক্রয় কেন্দ্রের জন্য ডিলার হতে আগ্রহী সেই বিক্রয় কেন্দ্রের নাম ও ইউনিয়নের নাম উল্লেখ করতে হবে।
০৪। খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ০১ টি বিক্রয় কেন্দ্রের বিপরীতে যাচাই-বাছাই এ নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক সংখ্যক আবেদন হলে যোগ্য হতে লটারীর মাধ্যেমে ডিলার নির্বাচন করা হবে।
০৫। আবেদনকারীকে আর্থিক ভাবে স্বচ্ছল (কোন তফসিল ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদধারী) এবং খাদ্য শস্যে হিসাব সংরক্ষণে অক্ষর জ্ঞান সম্পন্ন ও পারদর্শী হতে হবে।
০৬। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকা ভূক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত অথবা আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত, কোন ব্যক্তি আবেদন করতে পারবেন না।
০৭। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক ডিলার হতে পারবেন না এবং একই ব্যক্তি ০১ টি বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন
০৮। কোন সরকারি কর্মচারী অথবা জন প্রতিনিধি আবেদন করতে পারবেন না।
০৯। নির্বাচিত ডিলার সদস্য সচিব বরাবরে ২৫,০০০ (পঁচিশ হাজার ) টাকার জামানত এবং ৩০০ (তিনশত) টাকা নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।
১০। নির্বাচিত ডিলারকে খাদ্যশস্য ও খাদ্য সামগ্রী ব্যবসার জন্য প্রযোজ্য ফি দিয়ে ডিলার শ্রেণীয় লাইসেন্স গ্রহণ করতে হবে।
১১। নিয়োগকারী কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।
১২। ত্রুটিপূর্ন, অসম্পূর্ন, কিংবা নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে। নিয়োগের বিষয়ে খাদ্যবান্ধব কর্মসূচী নীতিমালা-২৪ অনুসরন ও নিয়োগকারী কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আবেদনপত্রর সঙ্গে যে সকল কাগজপত্র সত্যায়ন করে দাখিল করতে হবেঃ

১। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
২। নাগরিক সনদের ফটোকপি।
৩। পাসপোর্ট সাইজের ০৪ কপি ছবি।
৪। অঙ্গীকারনামা
৫। ফুডগ্রেইন/খাদ্যশস্য লাইসেন্স এর ফটোকপি
৬। ট্রেড লাইসেন্সের (মুদি বা ধান চাল ব্যবসায়ের) ফটোকপি।
৭। ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতার সনদপত্র।
৮। দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি।

২৬.০৬.২৫

(মোহাম্মদ এরশাদুর রহমান খান)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কর্মসূচী কমিটি
মুক্তাগাছা, ময়মনসিংহ।